ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স- ১৮২১
আগরতলা, ২০ জুলাই, ২০২৫

## দৈনিক সংবাদ পত্রিকার বার্তা সম্পাদক প্রদীপ দত্ত ভৌমিকের প্রয়াণে মুখ্যমন্ত্রীর শোক

দৈনিক সংবাদ পত্রিকার বার্তা সম্পাদক তথা রাজ্যের বরিষ্ঠ সাংবাদিক প্রদীপ দত্ত ভৌমিকের প্রয়াণে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা গভীর শোক প্রকাশ করেছেন। এক শোক বার্তায় মুখ্যমন্ত্রী বলেন প্রয়াত প্রদীপ দত্ত ভৌমিক ছিলেন একজন নিষ্ঠাবান, দায়িত্বশীল ও দক্ষ সাংবাদিক। তিনি তার লেখনির মাধ্যমে সমাজ ও গণতন্ত্রের স্বার্থে গুরুত্বপূর্ণ অবদান রেখেছেন। তার অকাল প্রয়াণ সংবাদ জগতের জন্য এক অপূরনীয় ক্ষতি। শোক বার্তায় মুখ্যমন্ত্রী বলেন, বেশ কিছুদিন ধরেই প্রদীপ দত্ত ভৌমিক দিল্লির এইমস-এ চিকিৎসাধীন ছিলেন। চিকিৎসা সংক্রান্ত বিষয়ে তার পরিবারের সাথে আমার নিয়মিত যোগাযোগ ছিল। চিকিৎসকদের সমস্ত প্রচেষ্টাকে ব্যর্থ করে দিয়ে তিনি আজ দুপরে পরলোক গমন করেন।

শোক বার্তায় মুখ্যমন্ত্রী প্রয়াত প্রদীপ দত্ত ভৌমিকের বিদেহী আত্মার চিরশান্তি কামনা করেন এবং শোকসন্তপ্ত পরিবার পরিজনদের প্রতি গভীর সমবেদনা জানিয়েছেন। *****